মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

স্মারক সংখ্যা-বিঅ/ ৩৯৯২৬ / তারিখ: ২৬/১১/৮৯:

প্রেরক:- বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

প্রাপক:- প্রধান শিক্ষক / শিক্ষিকা,
শালিকা মাধ্যমিক বিদ্যালয়
ডাকঘর- দারিয়াপুর উপজেলা- মেহেরপুর
জেলা- মেহেরপুর

বিষয়:- **প্রথম অনুমোদন।**

প্রসংগ সূত্র:- উপ- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা অঞ্চল/ বরিশাল অঞ্চল এর ৭/৪/৮৭ তারিখের ৩৭৩ নং স্মারক পত্র।

জনাব / জনাবা,

নির্দেশক্রমে উল্লেখিত বিষয় ও প্রসংগে আপনাকে জানান যাইতেছে যে, আপনার দাখিলকৃত মুচলেকার প্রেক্ষিতে ভবিষ্যতে শিক্ষকদের জন্য সরকারী বেতন-অনুদান পাইবেন না বা বেতন-অনুদান দাবী করিতে পারিবে না শর্তে এবং নিম্নবর্নিত শর্তাদি পুরন সাপেক্ষে আপনার বিদ্যালয়কে ১/১/৮৯ হইতে ৩১/১২/৮৯ পর্যন্ত ( শুক ) কেবলমাত্র মানবিক বিভাগ পড়াইবার জন্য পরীক্ষামূলক স্বীকৃতি প্রদান করা হইল। প্রকাশ থাকে যে পূর্বানুমতি ছাড়া বিজ্ঞান, বানিজ্যিক এবং / অথবা ব্যবহারিক অংশ আছে এমন বিষয় পড়াইতে পারিবে না। আপনাকে আরও অবগত করান যাইতেছে যে, বর্তমান স্বীকৃতির মেয়াদ শেষ হইবার পূর্বেই প্রদত্ত শর্ত সমূহ পুরনের রিপোর্ট সহ উপ-পরিচালক সাহেবের সুপারিশ পাওয়া গেলে আপনার বিদ্যালয়ের স্বীকৃতির পরবর্তী নবায়নের বিষয় বিবেচিত হইবে। নিম্নের শর্তাদি পুরণে ব্যর্থ হইলে স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হইবেনা।

শর্তাবলী

১) সংরক্ষিত তহবিলের টাকা দ্বারা জাতীয় প্রতিরক্ষা সঞ্চয় পত্র ক্রয় করিতে হইবে।

২) অসমাপ্ত স্কুল দালানের কাজ যথা শীঘ্রই সম্পূর্ন করিতে হইবে।

৩) উপরের শ্রেনীতে ছাত্র/ছাত্রীর সংখ্যা আরো বৃদ্ধি করিতে হইবে।

৪) স্নাতক পাশ শিক্ষকদের পর্যায় ক্রমে প্রশিক্ষন গ্রহন করিতে হইবে।

৫) এক জন প্রশিক্ষন প্রাপ্ত শারীরিক শিক্ষা শিক্ষক নিয়োগ করিতে হইবে।

৬) বিদ্যালয়ের আংগিনায় ও মাঠের সীমানায় ফল ও ছায়া বৃক্ষ রোপন ও রক্ষা করিতে হইবে।

৭) সাধারন ও সংরক্ষিত তহবিলে যথাক্রমে ১৫০০০/ ও ২৫০০০/ টাকায় উন্নীত করিতে হইবে।

আপনার বিশ্বস্ত,

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

অপর পৃ:দ্র:---